দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

71

তারিখ 22 JUL 1989
পৃষ্ঠা 1 কলাম 1



# সাবেক উপাচার্য ডঃ গনির ইন্তেকাল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ডঃ মোহাম্মদ ওসমান গনি গতকাল সকালে তাঁর ইন্দিরা রোডের বাড়ীতে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহে ... রাজেউন)। তিনি ফুসফুস ক্যান্সারে ভুগছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স

৭-এর পাতায় দেখুন

## সাবেক উপাচার্য

প্রথম পৃষ্ঠার পর

হয়েছিল ৭৮ বছর।

বাসস জানায়, জুমা নামাজের পর ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদে মরহুমের নামাজে জানাজা এবং পরে বনানী গোরস্তানে তাঁকে দাফন করা হয়েছে। ডঃ গনি একজন সাবেক এমপি ছিলেন।

মরহুম পত্নী, ৪ ছেলে, ৫ মেয়ে, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও গুণগ্রাহী রেখে গেছেন। ডঃ গনি রাষ্ট্রপতি এরশাদ প্রতিষ্ঠিত জাতীয় দুর্যোগ প্রতিরোধ পরিষদের একজন সদস্য ছিলেন।

১৯১২ সালের ১লা মার্চ কিশোরগঞ্জ জেলার গোজাদিয়ায় তিনি জন্মেছিলেন। ১৯৩৫ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তিনি এমএসসি ডিগ্রী লাভ করেন। ১৯৩৮ সালে লণ্ডন বিশ্ববিদ্যালয় থেকে তিনি পিএইচডি করেন।

কলারাডো বিশ্ববিদ্যালয় থেকে তিনি ডিএসসি ডিগ্রী লাভ করেছিলেন।

ডঃ গনি কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য। ১৯৬৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হওয়ার আগ পর্যন্ত সেখানেই কাটিয়েছেন।

১৯৬৯ থেকে '৭১ সাল পর্যন্ত তিনি তাঞ্জানিয়া, জাম্বিয়া ও মালাগাছিতে পাকিস্তানের হাই কমিশনার ছিলেন। তিনি '৬৬ থেকে '৭০ পর্যন্ত ফিলিপাইন ভিত্তিক আন্তর্জাতিক চাল গবেষণা ইন্সটিটিউটের ট্রাস্টী বোর্ডের প্রথম নির্বাচিত সদস্য ছিলেন। সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময় তিনি বিজ্ঞান উপদেষ্টা ছিলেন।

আগামী সোমবার আছর নামাজের পর ৮০, ইন্দিরা রোডে তাঁর বাড়ীতে মরহুমের কুলখানি হবে। আত্মীয়-স্বজন ও শুভাকাঙ্ক্ষীদের কুলখানিতে শরীক হওয়ার অনুরোধ জানানো হয়েছে।